



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/-২৩৯/১৩- ৯০

তারিখঃ ১০ এপ্রিল ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

করোনা ভাইরাসের সংক্রমণের ফলে মানবিক বিপর্যয়ের মুখে খাদ্য সংকটে পড়েছে বিপাকে পড়া মানুষ। তাদের পাশে দাঁড়িয়েছে সরকার, বিভিন্ন বেসরকারি সংস্থাসহ অনেকে। জাতীয় মানবাধিকার কমিশনও এক্ষেত্রে ইউএনডিপি'র হিউম্যান রাইটস প্রোগ্রামের সহায়তায় অদ্য ০৯ এপ্রিল রাতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ০৫ (পাঁচ) টি কলোনীতে বসবাসরত সমাজের পিছিয়ে পড়া বিভিন্ন সম্প্রদায়ের ১৪৫০টি পরিবারের সদস্যদের জন্য কিছু ত্রাণ সামগ্রী প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। কমিশন মনে করে সিটি কর্পোরেশনের মাধ্যমে ত্রাণের সুষ্ঠু বন্টন নিশ্চিতকরণ ও তদারকি সম্ভব। বিতরণের সুবিধার্থে আরও ১০০টি প্যাকেট অতিরিক্ত সহ সর্বমোট ১৫৫০টি প্যাকেট ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট কলোনীর নাম ও ঠিকানা সংযুক্তি সহকারে হস্তান্তর করা হয়েছে। প্রতিটি প্যাকেটে চাল ১৫ কেজী, আটা ৫ কেজী, আলু ৫ কেজী, পিয়াজ ৩ কেজী, মুশুর ডাল ২ কেজী, চিনি ২ কেজী, লবন ১ কেজী, সয়াবিন তেল ২ লিটার, গুড়া দুধ ৪০০ গ্রাম, সুজি ৫০০ গ্রাম, মুড়ি ২ প্যাকেট ও সাবান ২টি করে রয়েছে।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ